[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভায় প্রধান বক্তা ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবুবকর বিশ্বাস। সাংগঠনিক সম্পাদক মীর্জ টিপুর সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির নির্বাহী সদস্য ও সাবেক কাউন্সিলর শরাফৎ হোসেন পুটকে, পৌর বিএনপির ওয়ার্ড সভাপতি নেতা মোঃ মমিন মনোয়ার, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, সদস্য সচিব মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান প্রমূখ।

বক্তারা বলেন, চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে মানুষের জীবন-জীবিকা হুমকির মূখে পড়েছে। এসময় তারা সরকারের সীমাহীন দূর্ণীতি, ভুলনীতি ও ব্যার্থতার দায়ে অবিলম্বে পদত্যাগ করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান।

না হলে, বিএনপি’র নের্তৃত্বে সারা দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে এ সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে বলে হুশিয়ারী দেন। এসময় উপজেলা এবং পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মইনুদ্দিনের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (কম্পিউটার) মইনুদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ সোমবার বিকাল সাড়ে ৫টার সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি দীর্ঘদিন ধরে দুরারোগ্য ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন ছেলেসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন। তিনি আমঝুপি মিরপাড়ার বাসিন্দা ছিলেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, রাত সাড়ে ১০টার সময় মিরপাড়ার পারিবারিক কবরস্থান সংলগ্ন স্থানে জানাযা শেষে ওই কবরস্থানে দাফন করা হবে।

মিথ্যা মাদক মামলা দিয়ে চালান দেওয়ার প্রতিবাদে গাংনী থানার এসআই নুরের বিরুদ্ধে সাংবাদ সম্মেলন

মাদক আইনে মামলা দিয়ে হয়রানির প্রতিবাদে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) নুর ইসলামের বিরুদ্ধে সাংবাদ সম্মেলন করেছেন সদ্য হাজত ফেরত তিন যুবক ও তাদের পরিবার।

আজ সোমবার (১৩ জুন) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে এ সাংবাদ সম্মেলন করেন তারা।

এরা হলেন, গাংনী উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের রাকিবুল ইসলাম, আব্দুর রহমান লায়েছ ও গাংনী শহরের মহিলা কলেজপাড়া এলাকার শ্যামল হোসেন। এসময় তাদের পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্য পাঠ করেন ভিকটিম রফিকুল ইসলাম। তিনি বলেন, একটি মামলার তদন্ত করার কথা বলে আমাদের ডেকে নিয়ে সেই মামলার আসামী হিসেবে চালান দিয়েছেন। তিনি আমাদের সাথে প্রতারণা করেছেন। সে সময় আমরা নিজেকে নির্দোষ দাবী করি এবং আমাদের কেনো গ্রেফতার করছেন জানতে চাইলে সে আমাকে চড় থাপ্পড় মেরে শারীরিকভাবে নির্যাতন করেন। এসময় আমাদের কাছে থাকা সাড়ে ১৭ হাজার টাকা, তিনটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন ও আব্দুর রহমান লায়েছের একটি ১৫০ সিসি পলসার মোটরসাইকেল জব্দ করে থানায় নিয়ে যায়। থানায় নিয়ে দফায় দফায় আমার কাছে থেকে মোটা অংকের টাকা দাবী করেন তিনি। পরে লাইছের মোটরসাইকেলটি ছাড়িয়ে নিতে সে ৫০ হাজার টাকা দাবী করেন। পরে দরকষাকষির এক পর্যায়ে গাংনী পৌর সভার ১ নং ওয়ার্ড কাউন্সিলর

আলমগীর হোসেনের মাধ্যমে ১০ হাজার টাকা নিয়ে মোটরাসাইকেলটি ছেড়ে দেন তিনি।

তিনি আরও অভিযোগ করেন, নুর ইসলাম আমাদের থানায় এনে টাকার জন্য ব্যাপক মারধর করে। এছাড়া তার দাবীকৃত ৫ হাজার টাকা ঘুঁষ দিতে না চাওয়ায় তিনি আমাদের পরের দিন সকালে চালান না দিয়ে সারাদিন থানা হাজতে আটকে রেখে বিকালের দিকে আদালতে পাঠান।

তারা অভিযোগ করেন মাদক আইনে মিথ্যা মামলা দিয়ে আমাদের জীবনটা নষ্ট করে দিয়েছেন এসআই নুর । আমাদের প্রকাশ্যে শারীরিক এবং মানষিক নির্যাতন করে হাতিয়ে নিয়েছেন মোটা অংকের অর্থ। আমরা গাংনী থানার এসআই নুর ইসলাম নুরের বিচার দাবী করছি।

উল্লেখ্য, গত ৮ জুন বিকালের দিকে গাংনী থানার এসআই নুর ইসলাম নুর সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে গাংনীর চোখতোলা নামক স্থান থেকে কুষ্টিয়ার দৌলতপুর গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে আরিফুল ইসলামকে (২৪) কে ৫৬ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

রাকিবুল ইসলাম ও আব্দুর রহমান লায়েসকে বসুন্ধরা এলাকায় ফুড সিটি থেকে শ্যামল হোসেনকে গাংনী মহিলা কলেজ পাড়া এলাকায় নিজ বাড়ি থেকে আটক করেন।

৫৬ বোতল ফেনসিডিল জব্দ দেখিয়ে তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে পরের দিন বিকালে মেহেরপুর আদালতে প্রেরণ করেন।

তবে গাংনী থানার এসআই নুর হোসেন তার বিরুদ্ধে উত্থাপিত সকল অভিযোগ অস্বীকার করে বলেন, আমি অভিযোগপত্রে যেটি লিখেছি সেটিই সঠিক।

মিরপুরের কবরবাড়ীয়া সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ

শিক্ষার মান উন্নয়নসহ সন্তানের প্রতি মায়েদের দায়িত্ব ও করনীয় বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কুষ্টিয়ার মিরপুর উপজেলার কবরবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মিরপুর উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোঃ রবিউল ইসলাম।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মুরাদ হোসেনের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য দেন বিদ্যালয়ের পরিচালনা কমিটির সহ সভাপতি মোঃ বিপুল হোসেন, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ আবদার হোসেন, মোঃ সবজেল, মোঃ আরিফুল ইসলামসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সমাবেশে বক্তারা বলেন, শিক্ষার কোনো বিকল্প নেই। সন্তানের জীবনের প্রথম শিক্ষার হাতেখড়ি মায়ের কাছ থেকেই শুরু হয়। মা একজন সন্তানের জীবনে অনন্য ভূমিকা পালন করেন। মা একটু সচেতন হলেই সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করতে পারেন। বক্তারা সন্তানের পড়ালেখায় মায়েদের আরও দায়িত্বশীল হওয়ার অনুরোধ জানান।

সমাবেশে ছাত্রছাত্রীসহ এলাকার শতাধিক মায়েরা অংশ গ্রহণ করেন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণে জেলেদের গরুর বাছুর প্রদান

কুষ্টিয়ার মিরপুরে দশ জন জেলের মাঝে বকনা গরুর বাছুর প্রদান করা হয়েছে। সোমবার সকালে মিরপুর উপজেলা পরিষদ চত্বরে জেলেদের মাঝে এসব তুলে দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণ এবং জেলেদের বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে ইলিশের উৎপাদন বাড়াতে ‘ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা’ শীর্ষক একটি প্রকল্পে র আওতায় দশ জন জেলেকে এই বকনা গরুর বাছুর

প্রদান করা হয়।

এসময় মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদির, মিরপুর উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম, কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণ এবং জেলেদের বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে ইলিশের উৎপাদন বাড়াতে এই প্রকল্পের মাধ্যমে ইলিশের উৎপাদন ও প্রাপ্যতা বাড়ানোর মাধ্যমে আমিষের চাহিদা পূরণ হওয়ার পাশাপাশি ইলিশ ধরা নিষিদ্ধ সময়ে জেলেদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে আমি আশা করি। ফলে খাদ্য নিরাপত্তা বাড়বে ও জেলেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৭ আসামী গ্রেফতার

মেহেরপুরে পুলিশের নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৩ আসামীসহ ৭ জন গ্রেফতার হয়েছে।
গ্রেফতারকৃতদের মধ্যে জিআর মামলার ১ সিআর মামলার ৩ জন ও নিয়মিত মামলায় ৩ জন আসামী রয়েছেন।
গাংনী থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ২ জন ও নিয়মিত মামলায় ১ জনসহ ৩ জনকে গ্রেফতার করেছে। মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১, সিআর মামলায় ১ ও নিয়মিত মামলায় ২জনসহ ৪ জনকে গ্রেফতার করেন।
রবিবার (১২ জুন) দিবাগত রাতে আজ সোমবার ভোররাত পর্যন্ত গাংনী ও মুজিবনগর উপজেলার বিভিন্ন স্থানে পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।
গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল। পুলিশের পৃথক টীম এ অভিযানে অংশ নেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছে।
আজ সোমবার (১৩ জুন) সকালের দিকে এসব আসামীদের আদালতের মাধ্যমে

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় মামা- ভাগ্নে আহত

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ-নাজিরাকোনা সড়কে দুর্ঘটনায় সামিউল ইসলাম (১৮) ও তার ভাগ্নে সাহাজাহান (৪) আহত হয়েছে। এদের মধ্যে সামিউলের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মানিকনগর গ্রামের হেকমত ও মাজেদুল এক্সকাভেটর দিয়ে সরকারি জমির মাটি কাটছিলো। ওই মাটি ট্রাক্টর দিয়ে বিভিন্ন স্থানে নেওয়া হচেছ। ঘটনার সময় সামিউল তার ভাগ্নে সাহাজাহানকে নিয়ে বিশ্বনাথপুরের দিকে যাচ্ছিলো। এসময় ট্রাক্টরে সাথে ধাক্কা লেগে দুজনই মাটিতে ছিটকে পড়ে। আহত দুজনকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক সামিউলকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, এ ঘটনায় মাটি কাটার কাজ বন্ধ করা হয়েছে। ট্রাক্টরটি জব্দ করার চেষ্টা চলছে।

আইনি জটিলতায় ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত

আইনি জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করেছে নির্বাচন কমিশন (ইসি)। রবিবার নির্বাচন কমিশনের উপসচিব আতিয়ার

রহমান সাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

আগামী ১৫ জুন ২০২২ বুধবার ঝিনাইদহ পৌরসভা নির্বাচন হওয়ার কথা ছিল। ইসির নির্বাচন পরিচালনা শাখার উপ-সচিব মোঃ আতিয়ার রহমান নির্বাচনের স্থগিত নির্দেশনা সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাকে পাঠিয়েছেন।

এতে বলা হয়, হাইকোর্ট এক আদেশে এক মাসের জন্য নির্বাচন স্থগিত করেছেন। হাইকোর্টে আদেশ প্রতিপালনার্থে পরবর্তীকালে আইনগত জটিলতা পরিহারের লক্ষ্যে ঝিনাইদহ পৌরসভার আগামী ১৫ জুন তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচন স্থগিত রাখার বিষয়ে সিদ্ধান্ত দিয়েছে ইসি।

এতে বলা হয়, বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী পদ্ধতিগতভাবে প্রয়োজনীয় কার্যক্রম নেওয়ার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে সম্প্রতি আওয়ামী লীগের মেয়র প্রার্থীর প্রার্থিতা বাতিল করেছিল ইসি।

ঝিনাইদহ রিটার্নিং কর্মকর্তা মো. অলিউল ইসলাম এ তথ্য নিশ্চিত করে জানান, আইনগত জটিলতার কারণে ঝিনাইদহ পৌরসভা নির্বাচন স্থগিত করা হয়েছে।

শিরোপা নির্ধারনী ম্যাচ মুখোমুখি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও রংপুর শিশু নিকেতন স্কুল

একের পর এক শক্তিশালী ক্রিকেট দলকে পেছনে ফেলে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেটে শিরোপা নির্ধারনী ম্যাচে খেলবে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়। শিরোপা নির্ধারনী ম্যাচে এবার তারা মুখোমুখি হবে রংপুর শিশু নিকেতন উচ্চ বিদ্যালয়ের।